# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 15, 1432 Bangla, March 29, 2026, Sunday, No. 85, 56th year

# H I G H L I G H T S

The govt has decided to appoint a tag officer for every petrol pump across the country due to allegations of oil smuggling, black marketing, and hoarding amid the Iran war. (BBC: 03)

Border Guard Bangladesh personnel have been deployed at several depots across the country to prevent illegal hoarding, maintain order in fuel marketing, and ensure an uninterrupted supply. (Jago FM: 11)

Bangladesh Petroleum Corporation has changed the schedule for fuel dispatch from depots to ensure uninterrupted fuel supply to filling stations and pumps across the country. (Jago FM: 13)

There is concern that the ongoing war in the Middle East could lead to a crisis in agricultural production in Bangladesh rising fuel prices, fertilizer uncertainty & increasing transport costs. (BBC: 05)

After 55 years of independence, the evil forces of Liberation War have once again raised their heads--said BNP Secretary General & Local Government Minister Mirza Fakhrul Islam Alamgir. (Jago FM: 11)

Police personnel are not satisfied with their current uniform, Home Minister Salahuddin Ahmed has said, indicating that the government is considering a return to traditional attire. (BBC: 03)

Health and Family Welfare Minister Sardar Md Sakhawat Husain has expressed deep anger over the death of 33 children in 11 days at Rajshahi Medical College Hospital. (Jago FM: 13)

A three-member probe committee has been formed to investigate the sound system disruption that occurred during the maiden session of the 13th parliament. (Jago FM: 12)

Iranian President Masoud Pezeshkian has issued a stern warning following recent attacks on critical infrastructure & economic centers stating that Tehran will respond “strongly”. (BBC: 07)

Iranian-backed Houthi rebels in Yemen have claimed responsibility for firing a barrage of ballistic missiles targeting “sensitive Israeli military sites”. (BBC: 07)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৫, বাংলা ১৪৩২, মার্চ ২৯, ২০২৬, রবিবার, নং- ৮৫, ৫৬তম বছর**

# শিরোনাম

ইরান যুদ্ধের জের ধরে বাংলাদেশে তেলের পাচার, কালোবাজারি ও মজুতদারির অভিযোগ জোরেশোরে ওঠার প্রেক্ষাপটে সরকার পেট্রোল পাম্প বা ফিলিং স্টেশনগুলোতে ট্যাগ অফিসার নিয়োগের ঘোষণা দিয়েছে। (বিবিসি: ০৩)

জ্বালানি তেল মজুতের অপচেষ্টা প্রতিরোধ, তেল বিপণনে শৃঙ্খলা রক্ষা এবং নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে দেশের বিভিন্ন ডিপোতে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে। (জাগো এফএম: ১১)

দেশের ফিলিং স্টেশন ও পাম্পগুলোতে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখতে ডিপো থেকে তেল খালাসের সময়সূচিতে পরিবর্তন এনেছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন । (জাগো এফএম: ১৩)

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানির মূল্যবৃদ্ধি, সারের অনিশ্চয়তা এবং পরিবহন খরচ বৃদ্ধির ফলে বাংলাদেশের কৃষি উৎপাদন সংকটে পড়ে কিনা এমন শঙ্কা তৈরি হয়েছে। (বিবিসি: ০৫)

বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, স্বাধীনতার ৫৫ বছর পর আবার সেই অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে। (জাগো এফএম: ১১)

বর্তমান পোশাক নিয়ে পুলিশ বাহিনীর সদস্যদের মধ্যে অসন্তোষ রয়েছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, সরকার ঐতিহ্যবাহী পোশাকে ফেরার বিষয়টি বিবেচনা করছে। (বিবিসি: ০৩)

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ১১ দিনে ৩৩ শিশুর মৃত্যুর ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। (জাগো এফএম: ১৩)

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম দিনের অধিবেশনে হওয়া সাউন্ড সিস্টেমে বিভ্রাটের ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে সংসদ কমিটি। (জাগো এফএম: ১২)

গুরুত্বপূর্ণ অবকাঠামো ও অর্থনৈতিক কেন্দ্রগুলোতে সাম্প্রতিক হামলার পর ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেছেন, তেহরান এসব হামলার “ভয়াবহ” জবাব দেবে। (বিবিসি: ০৭)

ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি গোষ্ঠী নিশ্চিত করেছে যে তারা “সংবেদনশীল ইসরায়েলি সামরিক স্থাপনা লক্ষ্য করে” একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। (বিবিসি: ০৭)

# বিবিসি

## পেট্রোল পাম্পে 'ট্যাগ অফিসার' নিয়োগ দেবে সরকার

বাংলাদেশে জ্বালানি ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি ও সমন্বয় করতে প্রতিটি পেট্রোল পাম্পের জন্য একজন 'ট্যাগ অফিসার' নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। শনিবার দুপুরে গণমাধ্যমে পাঠানো বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মুহাম্মদ আরিফ সাদেক স্বাক্ষরিত একটি প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বার্তায় উল্লেখ করা হয়েছে যে, সরকারিভাবে নিয়োগ দেওয়া ট্যাগ অফিসাররা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বা বিপিসি নির্ধারিত পদ্ধতিতে কাজ করবেন ও দৈনিক প্রতিবেদন দেবেন। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ট্যাগ অফিসার নিয়োগ করবে বিপিসি। এছাড়া, বাকি জেলা ও বিভাগীয় শহরে সংশ্লিষ্ট জেলার প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তারা প্রতিটি পেট্রোল পাম্পের জন্য একজন সরকারি কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করবেন বলেও জানানো হয়েছে। এদিকে পৃথক এক বার্তায়, দেশে জ্বালানি তেলের মজুত ও সরবরাহ সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে বলে জানিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। আতঙ্কিত হয়ে অতিরিক্ত জ্বালানি তেল ক্রয় বা মজুত না করতে সবার প্রতি আহ্বান জানিয়ে অবৈধ মজুতকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার কথাও উল্লেখ করা হয়েছে। এছাড়া, নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতে আন্তর্জাতিক বাজার থেকে সরকার প্রয়োজনীয় জ্বালানি তেল কিনছে বলেও জানানো হয়।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## পুলিশের পোশাক পরিবর্তনের আভাস দিলেন স্বরাষ্ট্রমন্ত্রী

বর্তমান পোশাক নিয়ে পুলিশ বাহিনীর সদস্যদের মধ্যে অসন্তোষ রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শনিবার সকালে, বাংলাদেশ পুলিশ একাডেমিতে আয়োজিত, ৪৩তম বিসিএস শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, "বিভিন্ন পর্যায়ে আলাপ করে এবং সর্বস্তরের পুলিশ কর্মকর্তাদের সাথে আলাপ করে যেটা অনুধাবন করেছি, বর্তমান যে পোশাক, এই পোশাকে পুলিশ বাহিনী সন্তুষ্ট নয়।" আগের ঐতিহ্যমণ্ডিত যে-কোনো একটি পোশাক যাতে পুলিশ বাহিনী পায়, সেজন্য সরকারের সর্বোচ্চ মহলে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার কথাও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, পুলিশ "কোনো দল বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয়" বলেই মনে করে বর্তমান সরকার। পুলিশকে দলীয় প্রভাব মুক্ত রেখে স্বাধীন, দক্ষ ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তোলাই সরকারের মূল লক্ষ্য বলেও জানান তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## জ্বালানি তেল নিয়ে মজুতদারির অভিযোগ, কিন্তু দায় কার

ইরান যুদ্ধের জের ধরে বাংলাদেশে তেলের পাচার, কালোবাজারি ও মজুতদারির অভিযোগ জোরেশোরে ওঠার প্রেক্ষাপটে সরকার পেট্রোল পাম্প বা ফিলিং স্টেশনগুলোতে ট্যাগ অফিসার নিয়োগের ঘোষণা দিয়েছে। পাশাপাশি, সারাদেশে জেলা ও পুলিশ সুপারদের মনিটর করার নির্দেশনা এবং মজুত ঠেকাতে ৯টি জেলায় তেলের ১৯টি ডিপোতে বিজিবি মোতায়েন করার কথা জানিয়েছে সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। "একইসঙ্গে দেশের ভেতরে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে ও তেল পাচার ঠেকাতে সীমান্ত এলাকায় গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে," মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। অর্থাৎ যুদ্ধের কারণে তেলের সরবরাহ না কমলেও, ফিলিং স্টেশনগুলোতে তেলের যে তীব্র সংকট দেখা যাচ্ছে, তার জন্য মজুতদারিকেই বেশি সন্দেহ করা হচ্ছে। যদিও বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটর, এজেন্ট অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশনের আহ্বায়ক সৈয়দ সাজ্জাদুল করিম বলছেন, পেট্রোল পাম্পে তেল মজুতের কোনো সুযোগ নেই এবং তারা মনে করেন সরকার চাইলে, সেটি সহজে যাচাই করতে পারে। সব মিলিয়ে ইরান যুদ্ধের সঙ্গে বাংলাদেশের সম্পৃক্ততা না থাকলেও, যুদ্ধের প্রভাবে কিছু মানুষের 'প্যানিক বায়িং' আর দাম বাড়বে এই চিন্তা করে কিছু অসাধু ব্যবসায়ীর মজুতদারির প্রবণতার কারণেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে বলে করেন কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি এ এইচ এম শফিকুজ্জামান। সুপ্রিম কোর্টের আইনজীবী মনজিল মোরসেদ বলছেন, বাংলাদেশের আইনে মজুতদারির জন্য সর্বোচ্চ শাস্তির বিধান আছে।

যে-সব ঘটনা ধরা পড়েছে

শুক্রবার জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, "তেলের অবৈধ মজুত রোধে যারা সঠিক তথ্য দিয়ে সহায়তা করবেন, তাদের জন্য পুরস্কারের ব্যবস্থা থাকবে।" বিদ্যুৎমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ নিজেই বলেছেন, কলোবাজারিরা তেলের মজুদ তৈরি করে সংকট সৃষ্টির চেষ্টা করছে। "আমি সারাদেশে জেলা প্রশাসক, এসপিদের সাথে কথা বলেছি। তারা মনিটর করছে। তবে হঠাৎ করে বেড়ে যাওয়ার মধ্যে দুর্নীতি আছে। ব্ল্যাক মার্কেটিং হচ্ছে। সিরাজগঞ্জে ধরা পড়েছে দুটি। সারাদেশেই ধরা পড়ছে," তিনি শুক্রবার সিরাজগঞ্জে সাংবাদিকদের সাথে আলাপকালে এ মন্তব্য করেন। ওইদিনই চট্টগ্রাম বিমানবন্দর এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অভিযান চালিয়ে প্রায় ৩০টি ড্রামে প্রায় ছয় হাজার লিটার অবৈধভাবে মজুতকৃত ডিজেল উদ্ধার করা হয়েছে। আবার যুদ্ধের শুরুর দিকে গত ৭ মার্চ বাঁশঝাড়ের মধ্যে মাটির নিচে পানির ট্যাংক বসিয়ে ১০ হাজার লিটার জ্বালানি তেল লুকিয়ে রেখে আলোচনায় এসেছিলেন নাটোরের সিংড়া উপজেলার রুবেল হোসেন নামে এক জ্বালানি তেল ব্যবসায়ী। শেরপুরের একটি আবাসিক

ভবন থেকে বৃহস্পতিবার ১৮ হাজার লিটার তেল এবং চাঁপাইনবাবগঞ্জে ৯ হাজার ৭৮৩ লিটার জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে। কুড়িগ্রামের রৌমারী উপজেলায় আজ শনিবার একটি গোয়ালঘর থেকে ড্রামভর্তি পেট্রোল উদ্ধার করেছেন ভ্রাম্যমাণ আদালত। গত বৃহস্পতিবার রাতে ময়মনসিংহের শেরপুরে একটি আবাসিক ভবনের নিচতলায় ২৫ হাজার লিটার জ্বালানি তেল মজুত রাখার দায়ে এক ব্যবসায়ীকে জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত। ওই একই দিন টাঙ্গাইল জেলার সখিপুরে অভিযান চালিয়ে পাঁচ হাজার ১৮০ লিটার পেট্রোল ও ডিজেল জব্দ করে উপজেলা প্রশাসন। আজ শনিবার জামালপুরে একটি প্রতিষ্ঠানে তেল মজুত থাকার পরেও বিক্রি না করায় ক্ষুব্ধ হয়ে মহাসড়ক অবরোধ করেছেন বাইকাররা। পরে তল্লাশি চালিয়ে দুই হাজার ৮০০ লিটার তেল মজুত পেয়েছে ভ্রাম্যমাণ আদালত। যদিও জ্বালানি তেলের মজুত না করার জন্য মানুষকে সতর্ক করার কথা বলছে সরকার।

"পেট্রোল, অকটেন ও ডিজেলের মতো জ্বালানি তেল অত্যন্ত দাহ্য পদার্থ হওয়ায় এগুলো ঘরে বা অনিরাপদ স্থানে মজুত করা ঝুঁকিপূর্ণ এবং প্রাণঘাতী দুর্ঘটনার কারণ হতে পারে। অবৈধ মজুতে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে," মন্ত্রণালয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। একই সাথে আজ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এক বার্তায় বলা হয়েছে, "জ্বালানি তেলের অবৈধ মজুতের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রতিটি জেলায় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে মোবাইল কোর্ট সক্রিয় আছে। জ্বালানি তেলের অবৈধ মজুতকে না বলুন।"

কারা মজুত করছে ও কীভাবে

এখন পর্যন্ত যে কয়টি জায়গা থেকে মজুত করা তেল উদ্ধার করা হয়েছে, সেগুলো ফিলিং স্টেশন কিংবা জ্বালানি তেলের ব্যবসার সঙ্গে জড়িতদের নিয়ন্ত্রণাধীন জায়গা। আবাসিক ভবনের ভেতরেই ট্যাংকি বানিয়ে কিংবা ফিলিং স্টেশনেই বিরাট পরিমাণ তেল মজুত করে রাখা হয়েছিল। যদিও পেট্রোল পাম্প মালিকরা সেটি মানতে রাজি নন। তাদের বক্তব্য হলো, হাজার হাজার ফিলিং স্টেশন মালিকের মধ্যে হাতে গোনা দুই-একটির বিরুদ্ধে এমন অভিযোগ উঠেছে। "সব পেশাতেই ভালো খারাপ আছে। ঢালাওভাবে পেট্রোল পাম্পগুলোকে দোষ না দিয়ে যারা দুর্নীতি করে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। একইসঙ্গে মানুষকেও উপলব্ধি করতে হবে যে, যুদ্ধ পরিস্থিতি, তেলের স্বাভাবিক সরবরাহ ব্যাহত হবেই," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তবে সংশ্লিষ্টদের সাথে কথা বলে যে চিত্র পাওয়া যাচ্ছে, তা হলো- কোথাও কোথাও খোলাবাজারের জ্বালানি তেল হুট করেই কমে গেছে। আবার যেই ফিলিং স্টেশন এক লরি তেল দুই দিনে বিক্রি হতো, সেখানে এখন তেল পৌঁছানোর সঙ্গে সঙ্গে মানুষ হুমড়ি খেয়ে পড়ছে। ফলে ৩/৪ ঘণ্টার মধ্যে এক লরি তেল শেষ হয়ে যাচ্ছে। কিন্তু এর মধ্যেই অভিযোগ উঠছে, কোথাও কোথাও একই বাইক বা যানবাহন এক দিনেই একাধিকবার তেল সংগ্রহ করে সেগুলো সংরক্ষণ করছে। বিদ্যুৎমন্ত্রী জানিয়েছেন, সারাদেশে প্রশাসনকে এসব বিষয়ে সতর্ক দিয়ে নির্দেশনা পাঠানো হয়েছে।

মজুতদারির শাস্তি কী

সুপ্রিম কোর্টের আইনজীবী মনজিল মোরসেদ বিবিসি বাংলাকে বলেছেন, ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের অধীনে, যে ব্যক্তি কালোবাজারে মজুত বা লেনদেনের অপরাধে দোষী সাব্যস্ত হবেন, তাকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করার বিধান আছে। "স্বাধীনতার পর পণ্য মজুত করে সংকট তৈরির ঘটনা ঘটেছিল। তখনই এই আইনটি করা হয়েছিল। এ আইনে চোরাচালান, কৃত্রিম সংকট তৈরি এবং ক্ষতিকারক কর্মকাণ্ডে নিয়োজিত যে কাউকে সরকারের আটক করতে পারার বিধান রয়েছে," বলছিলেন তিনি। প্রসঙ্গত, আইনটি করা হয়েছিল ১৯৭৪ সালের ৯ ফেব্রুয়ারি, যার উদ্দেশ্য ছিল বিশেষ ব্যবস্থার মাধ্যমে রাষ্ট্রবিরোধী কিছু কার্যকলাপ প্রতিহত করা। একই সাথে কিছু গুরুতর অপরাধের দ্রুত বিচার এবং কঠোর শাস্তির ব্যবস্থা করা। তবে এই আইনটিকে 'কালো আইন' হিসেবেও অভিহিত করা হয়। এ আইনের অধীনে, যে ব্যক্তি কালোবাজারে মজুত বা লেনদেনের অপরাধে দোষী সাব্যস্ত হবেন, তাকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হবে। অথবা ১৪ বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হবে। জরিমানাও করা হবে। তবে, শর্ত হিসেবে এতে বলা হয়েছে, যদি অভিযুক্ত ব্যক্তি প্রমাণ করতে পারেন যে, তিনি লাভ ছাড়া অন্য উদ্দেশ্যে মজুত করেছিলেন, তবে তিনি তিন মাস পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হবেন। একই সাথে জরিমানাও করা হবে তাকে। একই সাথে আদালত কালোবাজারি বা মজুত হয়েছে এমন কিছু সরকারকে বাজেয়াপ্ত করার আদেশও দিতে পারবে।

'দরকার কঠোর ব্যবস্থা'

ক্যাব সভাপতি এ এইচ এম শফিকুজ্জামান বলছেন, বাংলাদেশে কোনো পণ্যের দাম বৃদ্ধির প্রবণতা দেখলেই মজুতদারি শুরু হয় এবং এখনো সেটাই হচ্ছে। "তেলের সাপ্লাই চেইন ক্ষতিগ্রস্ত হয়েছে, সরকার বিকল্প উৎস থেকে বেশি দামে তেল আনছে। প্যানিক বায়িং হচ্ছে। কারণ সরকার যা বলছে, মানুষ হয়ত তাতে আস্থা পাচ্ছে না। ফলে সবাই হুমড়ি খেয়ে পড়ছে। মজুত ও সরবরাহ নিয়ে প্রতিদিন তথ্য প্রকাশ করলে এমনটি হতো না," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তিনি বলেন, যুদ্ধ শুরু বা বন্ধ করা- কোনোটার সাথেই বাংলাদেশের কোনো সংশ্লিষ্টতা নেই, কিন্তু এর প্রভাব ইতোমধ্যেই বাংলাদেশে পড়েছে এবং সামনে আরও হবে। "কারণ তেল কম সরবরাহ হলে বিদ্যুৎ উৎপাদনেও প্রভাব পড়বে। সেটি হলে জেনারেটর দিয়ে গার্মেন্ট কারখানা চালিয়ে যাওয়ার মতো পর্যাপ্ত ডিজেল আসবে কোথা থেকে।

অর্থাৎ রফতানিতেও প্রভাব পড়তে পারে। সে কারণেই সরকারকে আরও স্বচ্ছতা ও দৃঢ়তা নিয়ে পদক্ষেপ নিতে হবে। মানুষকেও পরিস্থিতি বুঝে দায়িত্বশীল হতে হবে," ক্যাব সভাপতি বলছিলেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৩.২০২৬ আলী আহমেদ)

**ইরান যুদ্ধের কারণে বাংলাদেশে সার সংকটের শঙ্কা কতটা?**

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে বাংলাদেশের কৃষি উৎপাদন সংকটে পড়ে কিনা এমন শঙ্কা তৈরি হয়েছে। বিশেষ করে, জ্বালানি তেল ও সারের সরবরাহ নিয়ে গোটা বিশ্বের মতো চিন্তায় বাংলাদেশের কৃষকরাও। চাহিদা মতো জ্বালানি তেল না পেয়ে বোরো মৌসুমে সেচ নিয়ে অনেক কৃষক যেমন সমস্যায় পড়েছেন, তেমনি আসন্ন আমন মৌসুমের জন্য সারের সরবরাহ নিয়েও চিন্তা বাড়ছে। মূলত, সারের মোট চাহিদার একটি বড়ো অংশ মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব এবং কাতার থেকে আমদানি করে বাংলাদেশ। এছাড়া দেশের কারখানাগুলোতে যে সার উৎপাদন হয়, সেখানেও বড়ো ভরসা আমদানিকৃত গ্যাস। কিন্তু উপসাগরীয় এলাকায় চলমান যুদ্ধের কারণে এই সরবরাহ এখন পুরোটাই অনিশ্চিত হয়ে পড়েছে। যদিও সরকারের দাবি, সার নিয়ে শঙ্কার কোনো কারণ নেই। এই মুহূর্তে দেশে যে পরিমাণ সার মজুত রয়েছে, তা দিয়ে অন্তত এক বছর পর্যন্ত চালিয়ে নেওয়া যাবে। এছাড়া দীর্ঘমেয়াদে যাতে কোনো সংকট তৈরি না হয়, সেজন্য বিকল্প উৎস থেকে জ্বালানি ও সার সংগ্রহের চেষ্টা চলছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তিনি বলছেন, আমদানির প্রধান উৎস মধ্যপ্রাচ্যের ওপর নির্ভরতা কমিয়ে চীন ও মিশরের মতো বিকল্প দেশগুলোর সাথে যোগাযোগ করছে সরকার।

এদিকে, সরকারিভাবে সার মজুত এবং সরবরাহের বিষয়ে আশ্বস্ত করা হলেও, দেশের বিভিন্ন জেলায় মাঠ পর্যায়ে ভিন্ন পরিস্থিতিরও খবর পাওয়া গেছে। দেশের কোনো কোনো এলাকায় ডিলাররা কৃত্রিম সংকট তৈরি করে সারের বাড়তি দাম রাখছেন বলেও অভিযোগ রয়েছে। কৃষি অর্থনীতিবিদ ড. মোহাম্মদ আমিরুল ইসলাম বলছেন, বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি কিংবা সারের সংকট তৈরি হতে পারে। কিন্তু "বাংলাদেশে কোনো একটা সংকট তৈরি হওয়ার আগেই একটা কৃত্রিম সংকট আমরা তৈরি করে ফেলি, এটা মূল সমস্যা," বিবিসি বাংলাকে বলেন তিনি।

বাধাগ্রস্ত সার উৎপাদন

যুদ্ধ পরিস্থিতির কারণে সৃষ্ট জ্বালানি সংকটের আঁচ লেগেছে বাংলাদেশেও। ফিলিং স্টেশনের সামনে জ্বালানি তেলের জন্য যানবাহনের লম্বা লাইন সেই বাস্তবতায় তুলে ধরে। সরকারের পক্ষ থেকেও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বার্তা দেওয়া হয়েছে। বিকল্প উৎস থেকে জ্বালানি সংগ্রহের কথাও জানিয়েছেন জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। কিন্তু বাংলাদেশের জন্য বড়ো শঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছে মধ্যপ্রাচ্যের বিভিন্ন জ্বালানি স্থাপনায় হামলার ঘটনা। যা সার উৎপাদনে বিরূপ প্রভাব ফেলতে পারে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। কারণ দেশের সার কারখানাগুলো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি'র ওপর বড়ো মাত্রায় নির্ভরশীল। ইরানে যুদ্ধ শুরুর পর বৈশ্বিক জ্বালানি সংকটের প্রেক্ষাপটে গ্যাস সাশ্রয় করতে মার্চের শুরু থেকে রাষ্ট্রায়ত্ত পাঁচটি সার কারখানার মধ্যে চারটিই বন্ধ রেখেছে সরকার। উৎপাদন বন্ধ বেসরকারি কাফকো সার কারখানায়ও, যা চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে দেশের কৃষিখাতের জন্য। যদিও কারখানাগুলো শিগ্গিরই উৎপাদনে ফিরবে বলে দাবি কৃষিমন্ত্রীর। তিনি বলছেন, সারের মজুত পর্যাপ্ত থাকায় জ্বালানি রেশনিংয়ের অংশ হিসেবে সার কারখানাগুলো আপাতত বন্ধ রাখা হয়েছে। "বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রীর সঙ্গে আমার কথা হয়েছে, উনি বলেছেন, এরই মধ্যে চালু করে দেবেন। অন্তত ঘোড়াশালও যদি চালু করে দেয়, তাহলেও আমরা প্রতিদিন ২৮০০ টনের ওপর পেয়ে যাব," বিবিসি বাংলাকে বলেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তবে মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি দীর্ঘায়িত হলে কেবল মজুত দিয়ে দীর্ঘ সময় সামাল দেওয়া কঠিন হবে বলেই মনে করেন কৃষি অর্থনীতিবিদরা। তাই চীন, মিশর বা রাশিয়ার মতো বিকল্প বাজার থেকে দ্রুত সার আমদানি নিশ্চিত করা এবং বন্ধ থাকা দেশীয় কারখানাগুলো পুনরায় চালু করার কথা বলছেন বিশেষজ্ঞরা।

বাংলাদেশের ফসলি মৌসুম অনুযায়ী এখন সারের চাহিদা কিছুটা কম থাকায়, আপাতত তেমন সমস্যা হবে না বলেই মনে করেন কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. মোহাম্মদ আমিরুল ইসলাম। তিনি বলছেন, "এই মৌসুমে ধান এখন শেষের দিকে আছে, সেখানে খুব একটা সারের প্রয়োজন নেই। কিছু জায়গায় লেইট প্লানটেশন হয়েছে, সেখানে কিছু সার হয়ত লাগবে।" কিন্তু বিকল্প উৎস থেকে আমদানির সিদ্ধান্ত নিতে দেরি করা ঠিক হবে না বলেই মনে করেন এই বিশেষজ্ঞ। বিবিসি বাংলাকে তিনি বলেন, "আমরা যেহেতু বিকল্প উৎসের দিকে যাওয়ার চেষ্টা করছি, সেক্ষেত্রে দামও কিছুটা বেড়ে যেতে পারে।" এছাড়া অন্যান্য খাতে জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়ার পরামর্শ মি. ইসলামের। "কৃষি তো এককভাবে চলে না, একটা সমন্বিত পরিকল্পনা দরকার," বলেন তিনি।

মজুত আছে কতটা?

কৃষি নির্ভর দেশ হয়েও সারের চাহিদার প্রায় সবটাই বিদেশ থেকে আমদানি করে বাংলাদেশ। দেশের সরকারি পাঁচটি ও বেসরকারি একটি কারখানায় কিছু সার উৎপাদিত হলেও বড়ো অংশই আসে মধ্যপ্রাচ্য বা আফ্রিকার বিভিন্ন দেশ থেকে। বাংলাদেশে বছরে প্রায় ৭০ লক্ষ টন সারের চাহিদা রয়েছে। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, মোট চাহিদার প্রায় সাড়ে ২৬ লক্ষ টনই লাগে ইউরিয়া সার, যার কেবল ১০ লক্ষ টন দেশে উৎপাদন হয়। অর্থাৎ কৃষিতে প্রয়োজনীয় সারের বড়ো অংশই আমদানি করতে হয়। আর এ কারণেই মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি সারের

আমদানি এবং চাহিদা পূরণ নিয়ে বাংলাদেশকে শঙ্কায় ফেলেছে। যদিও কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলছেন, পর্যাপ্ত সার মজুত থাকায় এই মুহূর্তে সংকটের কোনো শঙ্কা নেই। "আমদানিকৃত সার এখনও যতটা মজুত আমাদের কাছে আছে, তাতে আরও মোটামুটি এক বছর চালিয়ে নেওয়া যাবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, বর্তমানে ইউরিয়া ৪ লাখ ৯৩ হাজার টন, টিএসপি ৩ লাখ ৮২ হাজার টন, ডিএপি ৫ লাখ ৯ হাজার টন এবং এমওপি মজুত রয়েছে ৩ লাখ ৪২ হাজার টন। মন্ত্রী বলছেন, এখন বোরো মৌসুমের শেষ পর্যায়ে। ফলে আগামী কয়েক মাস নতুন করে বিপুল পরিমাণ সারের প্রয়োজন পড়বে না। এছাড়া বর্ষা শেষে আমন মৌসুমেও ইউরিয়ার চাহিদা তুলনামূলক কম থাকে। মূলত আগামী বছরের বোরো মৌসুমকে লক্ষ্য করেই এখন থেকে আমদানির প্রস্তুতি নেওয়া হচ্ছে। "কাতার, সৌদি আরব থেকে আমরা মূলত ইউরিয়া আমদানি করতাম। এই মুহূর্তে কোনো ক্রাইসিস নাই, তবে এটা যেহেতু চলমান প্রক্রিয়া, তাই আমরা বিকল্প উৎস খুঁজছি," বিবিসি বাংলাকে বলেন তিনি।

আন্তর্জাতিক বাজারে অস্থিরতা

বৈশ্বিক জ্বালানির পাঁচ ভাগের এক ভাগ এবং সারের তিন ভাগের এক ভাগ কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি দিয়েই সরবরাহ করা হয়। যে পথটি গত প্রায় এক মাস ধরে অবরুদ্ধ করে রেখেছে ইরান। যার ফলে বৈশ্বিক সরবরাহ ব্যবস্থা ভেঙে পড়ার পরিস্থিতি তৈরি হয়েছে। আন্তর্জাতিক বাজার বিশ্লেষক সংস্থা সিআরইউ গ্রুপের তথ্য অনুযায়ী, যুদ্ধ শুরুর পর বিশ্ববাজারে ইউরিয়া সারের দাম প্রায় ২৫ শতাংশ বেড়েছে। টনপ্রতি যে সারের দাম ছিল ৪৯০ ডলার, তা এখন ৬২৫ ডলারে পৌঁছেছে। কৃষি অর্থনীতিবিদরা বলছেন, যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে আন্তর্জাতিক বাজারে সারের দাম আরও বাড়তে পারে, যা বাংলাদেশের মতো আমদানিনির্ভর দেশের জন্য দীর্ঘমেয়াদি আর্থিক চাপ তৈরি করবে। এরই মধ্যে সার সরবরাহে ঘাটতি তৈরি হওয়ায় কৃষি উৎপাদন নিয়ে সংকটে পড়েছে ভারত, যুক্তরাজ্যসহ বিভিন্ন দেশ।

যুক্তরাজ্যের ন্যাশনাল ফার্মার্স ইউনিয়নের সভাপতি টম ব্র্যাডশ বলেছেন, বৈশ্বিক তেল ও গ্যাস বাজারে সৃষ্ট অস্থিরতা কৃষি ব্যবসাগুলোকে "প্রচণ্ড চাপের" মধ্যে ফেলছে। তিনি বলেন, "জ্বালানি ও সারের বর্ধিত ব্যয়ভার বহন করতে এরই মধ্যে বাড়তি চাপে পড়েছেন শস্য, পশুপালন এবং দুগ্ধ খামারিরা।" এদিকে, কিয়েল ইনস্টিটিউটের গবেষকরা সতর্ক করেছেন যে, হরমুজ প্রণালি বন্ধ থাকার প্রভাব শুধু সারের দামেই সীমাবদ্ধ থাকবে না। এটি বৈশ্বিক খাদ্য নিরাপত্তায় বড়ো আঘাত হানতে পারে। তাদের অনুমান অনুযায়ী, এর ফলে বিশ্বব্যাপী গমের দাম চার দশমিক দুই শতাংশ এবং ফল-সবজির দাম পাঁচ দশমিক দুই শতাংশ পর্যন্ত বাড়তে পারে। তবে, বৈশ্বিক এই সংকটে রাশিয়ার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বিশ্বের মোট সার রপ্তানির প্রায় এক-পঞ্চমাংশ আসে রাশিয়া থেকে। মধ্যপ্রাচ্যের উৎসগুলো বন্ধ হয়ে যাওয়ায়, রাশিয়া এখন বিশ্ববাজারে সারের বড়ো জোগানদাতা হিসেবে নিজেদের অবস্থান শক্ত করার চেষ্টা করতে পারে বলেও মনে করেন বিশেষজ্ঞরা। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৩.২০২৬ আলী আহমেদ)

## সংসদের শব্দযন্ত্রে গোলযোগ 'ইচ্ছাকৃত' কি না জানতে তদন্ত কমিটি

সংসদের প্রথম অধিবেশনে হওয়া শব্দযন্ত্রে গোলযোগের কারণ জানতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন চিফ হুইপ নূরুল ইসলাম। ৩ এপ্রিলের মধ্যে এই কমিটি প্রতিবেদন জমা দেবে বলেও জানান তিনি। শনিবার ত্রয়োদশ জাতীয় সংসদের, সংসদ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের এই তথ্য জানান মি. ইসলাম। তিনি বলেন, "এখানে একটি স্যাবেটাজ হয়েছে বলে আমরা ধারণ করি।" মি. ইসলাম জানান, সাউন্ড সিস্টেমে কেন সমস্যা হয়েছে, সেটি জানতে বুয়েটের বিশেষজ্ঞ পরামর্শ নেওয়া হচ্ছে। "দুটি বিষয় এখানে দেখা হবে, প্রথমত কোনো স্যাবোটাজ হয়েছে কি না এবং আরেকটি হলো আসলে সাউন্ড সিস্টেমে কী সমস্যা হয়েছে ও সেটি সমাধানের পদ্ধতি কী," বলেন তিনি। গত ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনই শব্দযন্ত্রে সমস্যা দেখা দেয়। এই জটিলতায় সেদিন বেশ কিছু সময় অধিবেশন বন্ধও রাখতে হয়েছিল। পরদিনও একই সমস্যা থাকায় এ নিয়ে ক্ষোভ জানিয়েছিলেন বিরোধী দলের এক সংসদ সদস্য। এছাড়া, সংসদ কমিটির বৈঠকে এমপিদের আবাসন ও চিকিৎসার বিষয়েও আলোচনা হয়েছে বলে জানান চিফ হুইপ। ঢাকা শহরে আবাসন রয়েছে, এমন সংসদ সদস্যরাও সরকারি ফ্ল্যাট পাচ্ছেন কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ক্যাটাগরি অনুযায়ী কমবেশি সবাই আবাসন সুবিধা পাবেন। "যানজটের কারণে অনেক সময় সংসদ সদস্যরা সময়মতো সংসদে আসতে পারেন না। তাদের কাজের সুবিধার জন্যই কাছাকাছি থাকা দরকার," বলেন মি. ইসলাম।

(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## মধ্যপ্রাচ্যের দিকে যাচ্ছে বিশাল মার্কিন বিমানবাহী রণতরি

মার্কিন যুক্তরাষ্ট্রের ভাসমান এয়ারবেস ইউএসএস জর্জ এইচ ডব্লিউ বুশ, যা ৮০টিরও বেশি বিমান বহন করতে পারে- মধ্যপ্রাচ্যের ইউএস সেন্ট্রাল কমান্ডের আওতায় এটিকে মোতায়েন করা হবে বলে বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজকে একাধিক সূত্র জানিয়েছে। মার্কিন কর্মকর্তারা সিবিএসকে বলেন, রণতরিটি এবং এর স্ট্রাইক গ্রুপ চলতি মাসের শুরুতে মোতায়েন-পূর্ব প্রশিক্ষণ সম্পন্ন করেছে এবং এখন তারা ইরানে যুক্তরাষ্ট্রের অভিযানে যোগ দিতে পারে। দুটি গাইডেড মিসাইল ডেস্ট্রয়ার- ইউএসএস ডোনাল্ড কুক এবং ইউএসএস ম্যাসন- এই সপ্তাহে ইরানে চলমান মার্কিন অভিযানে যোগ দেওয়ার উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র ছেড়েছে। আরেকটি ডেস্ট্রয়ার- ইউএসএস রস, এ সপ্তাহে যুক্তরাষ্ট্র ছেড়েছে, যদিও এর গন্তব্য এখনো প্রকাশ করা হয়নি।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## সৌদি আরব, তুরস্ক ও মিসরকে নিয়ে বসছে পাকিস্তান

পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বলেছেন, দেশটি ২৯ ও ৩০ মার্চ ইসলামাবাদে বৈঠকে অংশ নিতে সৌদি আরব, তুরস্ক ও মিসরের পররাষ্ট্রমন্ত্রীদের আমন্ত্রণ জানিয়েছে। তিনি এক্স-এ প্রকাশিত বিবৃতিতে লিখেছেন, তারা "গভীর আলোচনা" করবেন, যার মধ্যে থাকবে "অঞ্চলে উত্তেজনা প্রশমনের প্রচেষ্টা" সম্পর্কিত আলাপ। মিসরের পররাষ্ট্র মন্ত্রণালয় এখন এক বিবৃতিতে নিশ্চিত করেছে যে, তাদের পররাষ্ট্রমন্ত্রী এই আলোচনায় অংশ নিতে পাকিস্তানের রাজধানীতে পৌঁছেছেন। অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় মধ্যস্থতাকারীর ভূমিকা নেওয়ার চেষ্টা করছে পাকিস্তান। এ ছাড়া, দেশটি যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বৈঠক আয়োজনের প্রস্তাবও দিয়েছে। যদিও তা অনুষ্ঠিত হবে কি না এখনো নিশ্চিত করা হয়নি। চলতি সপ্তাহের শুরুর দিকে দার বলেন, পাকিস্তানের মাধ্যমে "বার্তা বিনিময়ের" মাধ্যমে "পরোক্ষ আলোচনা" চলছে। ট্রাম্পও এ সপ্তাহের শুরুতে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের একটি এক্স পোস্টের স্ক্রিনশট শেয়ার করেন এবং সেটি ট্রুথ সোশালে পোস্ট করেন। ওই পোস্টে শরিফ লিখেছিলেন, পাকিস্তান আলোচনার আয়োজন করতে "প্রস্তুত"।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## ইরানের প্রেসিডেন্টের সঙ্গে 'এক ঘণ্টারও বেশি' ফোনালাপের দাবি পাকিস্তানের প্রধানমন্ত্রীর

পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ বলেছেন, তিনি আজ ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে "বিস্তারিত" ফোনালাপ করেছেন। তার ভাষ্য অনুযায়ী, কলটি এক ঘণ্টারও বেশি সময় ধরে চলেছে। এক্স-এ লিখে শরিফ বলেন, তিনি ইরানি প্রেসিডেন্টকে পাকিস্তানের চলমান কূটনৈতিক প্রচেষ্টার বিষয়ে অবহিত করেছেন এবং জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় দেশগুলোর সঙ্গে সংযোগ স্থাপন করে "সংলাপ ও উত্তেজনা প্রশমন সহজতর করার" উদ্যোগ নিচ্ছেন তারা। পাকিস্তান এর আগেও যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বৈঠক আয়োজনের প্রস্তাব দিয়েছে। শরিফ আরও বলেন, তিনি ইরানে ইসরায়েলি হামলার নিন্দা জানিয়েছেন এবং ইরানের "সাহসী জনগণের প্রতি পাকিস্তানের সংহতি" ব্যক্ত করেছেন।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## এক মাস ধরে 'ডিজিটাল অন্ধকারে' ইরান

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের প্রভাবে গত চার সপ্তাহ ধরে কার্যত ইন্টারনেট বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে ইরান। ইন্টারনেট পর্যবেক্ষণকারী সংস্থা নেটব্লকস এই পরিস্থিতিকে 'ডিজিটাল অন্ধকার' হিসেবে অভিহিত করেছে। সংস্থাটির প্রতিবেদন অনুযায়ী, টানা এক মাস ধরে চলা এই ব্ল্যাকআউট বা ইন্টারনেট বিভ্রাট ইরানি নাগরিকদের তথ্য পাওয়া এবং যোগাযোগের মৌলিক অধিকারকে চরমভাবে লঙ্ঘন করছে। নেটব্লকস জানিয়েছে, গত চার সপ্তাহ ধরে ইরানিরা বহির্বিশ্ব থেকে বিচ্ছিন্ন। তবে এটিই দেশটিতে এ বছরের প্রথম ইন্টারনেট বিচ্ছিন্নতা নয়। এর আগে, গত জানুয়ারি মাসে দেশজুড়ে সরকারবিরোধী বিক্ষোভ চলাকালীনও কয়েক সপ্তাহের জন্য ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দিয়েছিল দেশটির প্রশাসন। ইরান বর্তমানে একটি দ্বি-স্তরীয় ইন্টারনেট ব্যবস্থা পরিচালনা করছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। যার প্রথম স্তরে কেবল ক্ষমতাসীন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা এবং শাসনব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিরা নিরবচ্ছিন্ন ইন্টারনেট ব্যবহারের সুযোগ পান। আর দ্বিতীয় স্তরে সাধারণ নাগরিকদের জন্য মূল ইন্টারনেট নেটওয়ার্ক সীমিত রাখা হয়েছে। তাদের অধিকাংশকেই বাধ্য হয়ে দেশটির নিজস্ব 'ন্যাশনাল ইনফরমেশন নেটওয়ার্ক' ব্যবহার করতে হচ্ছে, যা মূলত একটি অভ্যন্তরীণ এবং কঠোরভাবে নিয়ন্ত্রিত ডমেস্টিক নেটওয়ার্ক।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## প্রতিবেশী দেশগুলোকে আবারও সতর্ক করলো ইরান

ইরানের গুরুত্বপূর্ণ অবকাঠামো এবং অর্থনৈতিক কেন্দ্রগুলোতে সাম্প্রতিক হামলার পর কঠোর হুঁশিয়ারি দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে তিনি জানিয়েছেন, এসব হামলার "ভয়াবহ" জবাব দেবে ইরান। একই সাথে মধ্যপ্রাচ্যের প্রতিবেশী দেশগুলোর উদ্দেশ্যে আবারও সতর্কবার্তা দিয়েছেন ইরানের প্রেসিডেন্ট। তিনি লিখেছেন, "আপনারা যদি নিজেদের উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিত করতে চান, তবে আমাদের শত্রুদেরকে আপনাদের দেশ থেকে যুদ্ধ পরিচালনার সুযোগ দেবেন না।" গত কয়েকদিন ধরে ইরান, যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলি বাহিনীর মধ্যে উত্তেজনা চরমে পৌঁছেছে। শুক্রবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথভাবে ইরানের অতি-গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি স্থাপনায় হামলা চালিয়েছে। যার মধ্যে ইস্পাহান ও খুজেস্তান প্রদেশের মোবারাকে স্টিল ইন্ডাস্ট্রিজ, মারকাজি প্রদেশের খান্দাব ভারী পানি উৎপাদন কেন্দ্রও রয়েছে। ইসরায়েল ও আমেরিকার হামলার জবাবে ইরানও পাল্টা আক্রমণ চালিয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী, কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে ইরানের হামলায় বেশ ক্ষয়ক্ষতি হয়েছে। এছাড়া, সৌদি আরবের রিয়াদের কাছে অবস্থিত প্রিন্স সুলতান বিমান ঘাঁটিতেও হামলা চালিয়েছে ইরান। এই হামলায় বেশ কয়েকজন আহত হওয়ার খবর পাওয়া গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## ইসরায়েলে হামলার দাবি হুথিদের

ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি গোষ্ঠী নিশ্চিত করেছে যে, তারা ইসরায়েলের বিরুদ্ধে হামলা চালিয়েছে। যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরানের মধ্যে চলমান যুদ্ধ শুরুর পর এটাই প্রথম হামলার দাবি এই সশস্ত্র গোষ্ঠীর। গোষ্ঠীটি জানিয়েছে,

তারা "সংবেদনশীল ইসরায়েলি সামরিক স্থাপনা লক্ষ্য করে" একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। ইরান, লেবানন, ইরাক ও ফিলিস্তিনি ভূখণ্ডে হামলার জবাবে এই হামলা করেছে তারা। তারা আরও বলেছে, সব ফ্রন্টে "আগ্রাসন" বন্ধ না হওয়া পর্যন্ত তাদের অভিযান অব্যাহত থাকবে। এর আগে, ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী জানায়, তারা ইয়েমেন থেকে নিক্ষেপিত একটি ক্ষেপণাস্ত্র আটকেছে। ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) টেলিগ্রামে লিখেছে, "ইয়েমেন থেকে ইসরায়েলি ভূখণ্ডের দিকে নিক্ষেপিত একটি ক্ষেপণাস্ত্র শনাক্ত করা হয়েছে, হুমকি আটকাতে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কাজ করছে।" এর কমপক্ষে ১৫ মিনিটেরও কম সময় পর আইডিএফ দেশজুড়ে মানুষকে সুরক্ষা আশ্রয় ছেড়ে বের হওয়া নিরাপদ বলে ঘোষণা করে। এর আগে, হুথিদের একজন মুখপাত্র বলেছিলেন, ইরানে হামলা অব্যাহত থাকলে তারা মধ্যপ্রাচ্যের যুদ্ধে অংশ নেবে। তার বিবৃতিতে বলা হয়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি শত্রুর "ইরান, ফিলিস্তিন ও গাজা, ইরাক এবং লেবাননের বিরুদ্ধে অব্যাহত আগ্রাসনের" জবাব হিসেবে এই অবস্থান নেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## যুদ্ধ থামাতে মধ্যস্থতার প্রস্তাব দিয়েছে তুরস্ক, জানালো ইরান

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ বন্ধে 'গঠনমূলক ভূমিকা' পালনের কথা জানিয়েছে তুরস্ক। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, আঙ্কারা এই সংকট নিরসনে কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করতে আগ্রহী। সম্প্রতি তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির ফোনে কথা হয়েছে বলে জানিয়েছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়। যেখানে যুদ্ধ বন্ধে আঙ্কারার প্রচেষ্টার জন্য তুর্কি পররাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন আরাঘচি। এর আগে, পাকিস্তানের পক্ষ থেকে জানানো হয়েছে, যুদ্ধের তীব্রতা কমানোর লক্ষ্যে ২৯ ও ৩০ মার্চ ইসলামাবাদে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। যেখানে তুরস্কের পাশাপাশি সৌদি আরব এবং মিসরও অংশগ্রহণ করবে। চলমান যুদ্ধ পরিস্থিতিতে অত্যন্ত সতর্কতার সাথে পথ চলতে হচ্ছে আঙ্কারাকে। কারণ একদিকে প্রতিবেশী দেশ ইরানের সাথে ৩০০ মাইলেরও বেশি দীর্ঘ সীমান্ত, অন্যদিকে পশ্চিমা সামরিক জোট ন্যাটোর গুরুত্বপূর্ণ অংশীদার তুরস্ক।
(বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের ঘাঁটি সংক্রান্ত গোয়েন্দা তথ্য ইরানকে দিচ্ছে রাশিয়া, দাবি জেলেনস্কির

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি অভিযোগ করেছেন, রাশিয়া উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সামরিক ঘাঁটিতে এবং দিয়েগো গার্সিয়ায় অবস্থিত মার্কিন-ব্রিটিশ যৌথ ঘাঁটিতে হামলার জন্য ইরানকে সহায়তা করছে। দিয়েগো গার্সিয়া চাগোস দ্বীপপুঞ্জের অংশ, যা আনুষ্ঠানিকভাবে ব্রিটিশ ভারত মহাসাগরীয় অঞ্চল নামে পরিচিত। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জেলেনস্কি তার ফোন থেকে একটি গোয়েন্দা প্রতিবেদন পড়ে শোনান। তিনি দাবি করেন, রুশ স্যাটেলাইটগুলো মধ্যপ্রাচ্যের মার্কিন সামরিক ঘাঁটি, দিয়েগো গার্সিয়া ঘাঁটি এবং উপসাগর জুড়ে তেলের কূপগুলোর ওপর নজরদারি চালাচ্ছে। জেলেনস্কি ইঙ্গিত দেন, এই গোয়েন্দা তথ্য ইরানের কাছে পৌঁছে দেওয়া হয়েছে, যাতে দেশটির হামলায় সহায়তা করা যায়। ইউক্রেনে চলমান যুদ্ধ নিয়ে মন্তব্য করতে গিয়ে তিনি বলেন, ইরানে যুদ্ধের কারণে সৃষ্টি হওয়া বৈশ্বিক জ্বালানি সংকট যাতে ইউক্রেনের রাশিয়ার বিরুদ্ধে লড়াইয়ের সক্ষমতাকে প্রভাবিত না করে, তা নিশ্চিত করতে তিনি কাজ করছেন। বিবিসির এক প্রশ্নের উত্তরে প্রেসিডেন্ট জেলেনস্কি বলেন, ইউক্রেনীয় সেনাবাহিনীর হাতে এখনো পর্যাপ্ত জ্বালানি রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ এলিনা)

## দক্ষিণ লেবাননে ইসরায়েলি হামলায় তিনজন সাংবাদিক নিহত

দক্ষিণ লেবাননের জেজিন শহরে সাংবাদিকদের বহনকারী একটি গাড়িতে ইসরায়েলি বিমান হামলায় তিনজন সংবাদকর্মী নিহত হয়েছেন। স্থানীয় সংবাদমাধ্যম এবং সংশ্লিষ্ট নেটওয়ার্কগুলো এই তথ্য নিশ্চিত করেছে। নিহতদের মধ্যে রয়েছেন- হিজবুল্লাহ পরিচালিত আল-মানার টিভির রিপোর্টার আলী শোয়েব এবং আল-মায়াদিন টেলিভিশনের দুই সংবাদকর্মী ফাতিমা ও মোহাম্মদ ফেতানি। আলী শোয়েবকে হত্যার কথা স্বীকার করলেও, একটি গুরুতর অভিযোগ তুলেছে ইসরায়েলি সামরিক বাহিনী। তাদের দাবি, আলী শোয়েব সাংবাদিকের ছদ্মবেশে হিজবুল্লাহর একজন সক্রিয় সদস্য হিসেবে কাজ করছিলেন। তবে লেবাননের সংবাদমাধ্যমগুলো এই দাবি প্রত্যাখ্যান করেছে।

এই হামলার তীব্র নিন্দা জানিয়েছেন লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন। তিনি একে একটি 'সুস্পষ্ট অপরাধ' হিসেবে অভিহিত করে বলেন, "যুদ্ধকালীন সাংবাদিকদের সুরক্ষার যে আন্তর্জাতিক আইন রয়েছে, এই হামলা তার চরম লঙ্ঘন।" যুদ্ধ শুরু হওয়ার পর লেবাননে সাংবাদিকদের লক্ষ্য করে এটি দ্বিতীয় বড়ো ধরনের হামলা। গত সপ্তাহে এক হামলায় প্রাণ হারান আল-মানার টেলিভিশনের উপস্থাপক মোহাম্মদ শেরি এবং তার স্ত্রী। এদিকে, লেবানন জুড়ে ইসরায়েলি বিমান হামলায় নিহতের সংখ্যা ক্রমাগত বাড়ছে। বর্তমান পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে ১১০০-এর বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন, যার মধ্যে অন্তত ১২০ জনই শিশু। লেবাননের সাধারণ মানুষের মধ্যে গভীর উদ্বেগ তৈরি হয়েছে যে, ইসরায়েল গাজায় ব্যবহৃত বিতর্কিত কৌশলগুলো এখানেও প্রয়োগ করছে। তাদের অভিযোগ, বেসামরিক নাগরিক, সাংবাদিক এবং স্বাস্থ্যকর্মীদের পরিকল্পিতভাবে লক্ষ্যবস্তু করা হচ্ছে। যদিও ইসরায়েল বরাবরই এসব অভিযোগ অস্বীকার করে আসছে। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ এলিনা)

## কাতারের সঙ্গে প্রতিরক্ষা চুক্তি সই করলো ইউক্রেন

মধ্যপ্রাচ্য জুড়ে বাড়তে থাকা ড্রোন ও মিসাইল হামলার হুমকির মুখে কাতার ও ইউক্রেন একটি গুরুত্বপূর্ণ প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করেছে। এই চুক্তির ফলে একে অপরের সাথে উন্নত প্রতিরক্ষা প্রযুক্তি এবং যুদ্ধের অভিজ্ঞতা বিনিময় করবে দুই দেশ। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি চলতি সপ্তাহে উপসাগরীয় দেশগুলোতে এক ঝটিকা সফরে বের হয়েছেন। সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতের পর কাতারের সাথে এই চুক্তিটি তার সফরের অন্যতম বড়ো সাফল্য হিসেবে দেখা হচ্ছে। কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়েছে, দুইপক্ষ বর্তমান নিরাপত্তা পরিস্থিতি এবং সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করেছে। ইউক্রেনের পক্ষে দেশটির সশস্ত্র বাহিনীর প্রধান লেফটেন্যান্ট জেনারেল আন্দ্রি নাটোভ এবং কাতারের পক্ষে কাতার সশস্ত্র বাহিনীর চিফ অফ স্টাফ লেফটেন্যান্ট জেনারেল জসিম বিন মোহাম্মদ আল-মান্নাই চুক্তিতে স্বাক্ষর করেন। এই চুক্তির ফলে দুই দেশ কেবল প্রযুক্তিগত সহযোগিতাই নয়, বরং প্রতিরক্ষা খাতে পারস্পরিক বিনিয়োগের পথও প্রশস্ত করল। গত এক মাসে ইরানের সাথে শুরু হওয়া যুদ্ধে যে-সব দেশ হামলার শিকার হয়েছে, তাদের নিজেদের ড্রোন ও মিসাইল প্রতিরক্ষা অভিজ্ঞতা দিয়ে সাহায্য করতে চায় ইউক্রেন। রাশিয়ার বিরুদ্ধে দীর্ঘমেয়াদি যুদ্ধে ইউক্রেনের এমন মিত্র প্রয়োজন, যাদের আর্থিক সক্ষমতা এবং সামরিক রসদ সরবরাহের সামর্থ্য অনেক বেশি। বিশেষ করে, বর্তমানে যখন আমেরিকার মনোযোগ মধ্যপ্রাচ্যের দিকেই বেশি, তখন কাতার বা সৌদির মতো দেশগুলোর সমর্থন কিয়েভের জন্য অত্যন্ত জরুরি বলে মনে করা হচ্ছে। (বিবিসি ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## ইরান অভিযান কয়েক মাস নয়, কয়েক সপ্তাহে শেষ হবে : রুবিও

শনিবার, ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েলি সামরিক অভিযান শুরুর এক মাস পূর্ণ হলেও পরিস্থিতি এখনও অনিশ্চিত রয়েছে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন যে, তিনি আশা করছেন, এই অভিযান "কয়েক মাস নয় বরং কয়েক সপ্তাহের মধ্যে" শেষ হবে। শুক্রবার ফ্রান্সে, শিল্পোন্নত সাতটি দেশের জোট জি-সেভেনভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের এক বৈঠকের পর রুবিও এই মন্তব্য করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র "নির্ধারিত সময়ের চেয়ে এগিয়ে" রয়েছে এবং "স্থলবাহিনী ছাড়াই" তাদের লক্ষ্য অর্জনে সক্ষম হবে। বৃহস্পতিবার মার্কিন প্রতিরক্ষা দপ্তরের কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে ওয়াল স্ট্রিট জার্নাল জানায় যে, পেন্টাগন মধ্যপ্রাচ্যে অতিরিক্ত সর্বোচ্চ ১০ হাজার স্থলসেনা পাঠানোর বিষয় বিবেচনা করছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে বলেন, তিনি ১০ দিনের জন্য ইরানের জ্বালানি স্থাপনাগুলোতে হামলা স্থগিত রাখবেন। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের সাবেক কমান্ডার হোসেইন কানানি মোগাদ্দাম শুক্রবার এনএইচকে-কে বলেন যে, ট্রাম্পের মন্তব্য নিয়ে তিনি সন্দিহান। তিনি বলেন, পারস্য উপসাগরের দ্বীপগুলো দখল করার জন্য এই অঞ্চলে মার্কিন বাহিনীর সমাবেশ সম্পূর্ণ করতে প্রেসিডেন্ট সময় চাইছেন। তিনি জোর দিয়ে বলেন যে, ইরান পক্ষ সর্বাত্মক প্রতিরোধ অব্যাহত রাখবে।
(এনএইচকে ওয়েবপেইজ: ২৮.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## পুলিশ হবে জনগণের অকৃত্রিম বন্ধু, আশা স্বরাষ্ট্রমন্ত্রীর

'ফ্যাসিবাদী সরকারের আমলে' অন্যান্য সব প্রতিষ্ঠানের মতো পুলিশ বাহিনীও ক্ষতিগ্রস্ত হয়েছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, "বর্তমান সরকার বিশ্বাস করে, পুলিশ কোনো বিশেষ দলের বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয়, বরং পুলিশ হবে জনগণের অকৃত্রিম বন্ধু।" পাশাপাশি, পুলিশ বাহিনীর পুরোনো যে-কোনো পোশাকে ফিরে যাওয়ার ব্যাপারে সরকারের সর্বোচ্চ মহলে আলোচনা করে সিদ্ধান্ত দেবেন বলেও এ সময় আশ্বস্ত করেন স্বরাষ্ট্রমন্ত্রী। শনিবার সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে বিসিএস পুলিশ ৪৩তম ব্যাচের কুচকাওয়াজ অনুষ্ঠানে উপস্থিত হয়ে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমাদের নির্বাচনি ইশতেহারে আমরা দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করেছি, জননিরাপত্তা নিশ্চিত করা এবং পুলিশ বাহিনীকে দলীয় প্রভাবমুক্ত করে একটি আধুনিক সেবাধর্মী ও মানবিক সংস্থায় রূপান্তর করাই আমাদের মূল লক্ষ্য।" স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "আমরা চাই এমন এক পুলিশ বাহিনী, যারা ক্ষমতার অপব্যবহার করবে না। বরং অপরাধীর মনে ভয় আর নিরপরাধদের মনে প্রশান্তি জোগাবে।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রুবাইয়া)

## সংবিধানের প্রতি 'অতিভক্তি' বন্ধের আহ্বান

চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীমের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন বাংলাদেশ ক্ষমতাসীন দল বিএনপির বিভিন্ন কার্যক্রমে 'অতিসাংবিধানিকতা' দেখছে। দলটির মহাসচিব অধ্যক্ষ হাফেজ মওলানা ইউনুস আহমদ সরকারের উদ্দেশ্যে বলেছেন, "কোনো ধরনের ছলচাতুরী, সংবিধানের প্রতি অতিভক্তি দেখানো বন্ধ করে গণভোট ও জুলাই সনদ গণরায় অনুসারে বাস্তবায়ন করতে হবে।" ঢাকায় শনিবার ইসলামী আন্দোলন বাংলাদেশের নিয়মিত বৈঠকে এ কথা বলেন তিনি। আহমেদ বলেন, "ত্রয়োদশ জাতীয় সংসদ ও বিএনপির নেতৃত্বাধীন সরকার দাঁড়িয়ে আছে জুলাই গণ-অভ্যুত্থানের ওপর। জুলাই অভ্যুত্থান না হলে এখনো দ্বাদশ জাতীয় সংসদ ও আওয়ামী লীগের নেতৃত্বাধীন

সরকার দেশ পরিচালনা করত। জুলাই গণ-অভ্যুত্থান কোনো 'সাংবিধানিক' বিষয় নয়; বরং বিদ্যমান সংবিধানের সুযোগে সৃষ্ট স্বৈরতন্ত্রের বিরুদ্ধে জনতার গণইচ্ছার বহিঃপ্রকাশ। আর আধুনিক রাষ্ট্রে গণইচ্ছাই সর্বোচ্চ আইন।"

উল্লেখ্য, গণভোট ও জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে নতুন সরকার ও বিরোধী দলের মধ্যে মতপার্থক্য ক্রমশ স্পষ্ট হয়ে উঠছে। বিরোধী দলের দাবি, জাতীয় সংসদের বিশেষ কমিটি গণভোট অধ্যাদেশ বাতিল করার প্রস্তাব করেছে। তবে কমিটির সভাপতি সরকারি দলের সংসদ সদস্য জয়নুল আবেদীন জানিয়েছেন, তারা গণভোট অধ্যাদেশ রহিত করার প্রস্তাব করেননি, রাখার প্রস্তাবও করেননি। তারা বলেছেন, এটা নিয়ে আলোচনা হতে পারে। তিনি বলেন, "যেহেতু বিরোধী দল উত্থাপন করেছে, সংবিধানের আলোকে এগুলো আলোচনা করতে হবে। কারণ, সংবিধান সবার ঊর্ধ্বে, সংসদ সংবিধান মোতাবেক চলবে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### স্পিকারের স্ত্রীর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

জাতীয় সংসদের স্পিকার ও বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সহধর্মিণী দিলারা হাফিজের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, "মরহুমা দিলারা হাফিজ একজন বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবী ছিলেন। তার মৃত্যুতে জাতি একজন সজ্জন শিক্ষাবিদকে হারালো।" কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। দিলারা হাফিজ আজ শনিবার স্থানীয় সময় দুপুর ১টা ২৯ মিনিটে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তার বয়স হয়েছিল ৭৮ বছর। তিনি স্বামী, এক ছেলে, এক মেয়ে ও নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

### তেলের কৃত্রিম সংকট ঠেকাতে এমপিদের খোঁজ-খবর রাখার নির্দেশ

জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেছেন, দেশে পর্যাপ্ত তেলের মজুত থাকা সত্ত্বেও কৃত্রিম সংকট তৈরি করা হচ্ছে। এমন পরিস্থিতিতে কৃত্রিম সংকট ঠেকাতে সংসদ সদস্যদের খোঁজ-খবর রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। শনিবার বিকেলে সংসদ সচিবালয়ের সভাকক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সরকারদলীয় সংসদ সদস্যদের বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। বৈঠকে উপস্থিত সংসদ সদস্যদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য দেন প্রধানমন্ত্রী। বৈঠকের শুরুতেই জাতীয় সংসদের স্পিকার ও বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের স্ত্রী দিলারা হাফিজের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করা হয়। এসময় মরহুমার রুহের মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাতে অংশ নেন সরকারদলীয় সংসদ সদস্যরা। এছাড়া বৈঠকে সরকারের চলমান কার্যক্রম, বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, আইন প্রণয়ন কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। বৈঠক শেষে চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেন, সংসদ শুরুর আগে রেওয়াজ অনুযায়ী বৈঠক হয়েছে। দীর্ঘ বিরতির পর সংসদ অধিবেশন বসবে, সে কারণে আলোচনা হয়েছে। চিফ হুইপ বলেন, বৈশ্বিক অস্থিরতার মধ্যেও দেশে তেলের দাম বাড়ানো হয়নি এবং ভর্তুকির মাধ্যমে জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখা হচ্ছে। কোনো ঘাটতি নেই উল্লেখ করে সবাইকে অযথা আতঙ্কিত না হওয়ার আহ্বান জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

### অন্তর্বর্তী সরকারের ১৩৩ অধ্যাদেশ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত রোববার : স্বরাষ্ট্রমন্ত্রী

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন, অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশ নিয়ে রোববার রাতে বিশেষ কমিটি পুনরায় বৈঠকে বসবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ওইদিন রাত সাড়ে ৮টায় অনুষ্ঠিত বৈঠকে অধ্যাদেশগুলোর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে, যার ভিত্তিতে কমিটির প্রতিবেদন তৈরি হবে। এই প্রতিবেদন ২ এপ্রিল সংসদে উত্থাপন করা হবে এবং এরপর নিয়ম অনুযায়ী, আইন প্রণয়ন কার্যক্রম শুরু হবে। শনিবার বিকেলে সংসদ সচিবালয়ের সভাকক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারদলীয় সংসদ সদস্যদের বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। আন্তর্জাতিক বাজারে তেলের দাম বাড়লেও, দেশে দাম অপরিবর্তিত রাখা সরকারের বড়ো সফলতা উল্লেখ করে তিনি বলেন, অগ্রিম প্রস্তুতির কারণে এ সফলতা সম্ভব হয়েছে এবং জনমনে স্বস্তি বজায় রাখা গেছে। বিশেষ করে, বোরো মৌসুমে কৃষি উৎপাদনে কোনো সংকট এড়াতে সরকার অতিরিক্ত ভর্তুকি দিয়ে তেলের দাম স্থিতিশীল রেখেছে, যাতে কৃষি উৎপাদন উপকরণের মূল্যবৃদ্ধি না পায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

### বর্তমান পোশাকে পুলিশ সদস্যরা সন্তুষ্ট নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

বর্তমান পোশাকে পুলিশ সদস্যরা সন্তুষ্ট নয় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। শনিবার সকালে, সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৪৩তম বিসিএস শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ পুলিশের একটা প্রত্যাশা আছে, আবেদন আছে। সর্বস্তরের পুলিশের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে যেটা অনুধাবন করেছি তা হলো- বর্তমানের যে পোশাক, এই পোশাকে পুলিশ সদস্যরা সন্তুষ্ট নয়। সুতরাং ঐতিহ্য মণ্ডিত যেন একটা পোশাক পুলিশ বাহিনী পায়, সেজন্য সরকারের সর্বোচ্চ মহলে আলোচনা করে একটি সিদ্ধান্ত দেব ইনশাল্লাহ। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন,

বর্তমান সরকার বিশ্বাস করে, পুলিশ কোনো বিশেষ দল বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয় বরং জনগণের বন্ধু। আমাদের নির্বাচনি ইশতেহারে ঘোষণা করেছি, জননিরাপত্তা নিশ্চিত এবং পুলিশ বাহিনীকে দলীয় প্রভাব মুক্ত করে একটি আধুনিক, সেবাধর্মী ও মানবিক সংস্থা রূপান্তর করাই মূল লক্ষ্য। সেজন্য পুলিশ বাহিনীর মনোভাব প্রতিষ্ঠাসহ একটি দক্ষ ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার ইতোমধ্যে জনবল বৃদ্ধিসহ নানা উদ্যোগ নিয়েছে। আমরা দায়িত্বে আসার পর থেকেই একটি স্বাধীন ও শক্তিশালী পুলিশ সংস্কার কমিশন গঠনের বিষয়ে কাজ করছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## ৯ জেলায় জ্বালানি তেলের ১৯ ডিপোতে বিজিবি মোতায়েন

জ্বালানি তেল মজুতের অপচেষ্টা প্রতিরোধ, তেল বিপণনে শৃঙ্খলা রক্ষা এবং নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে দেশের বিভিন্ন ডিপোতে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে। শনিবার বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, মধ্যপ্রাচ্যে চলমান সংকটের পরিপ্রেক্ষিতে বিশ্ববাজারে জ্বালানি তেলের সংকট ও দাম বৃদ্ধি পাওয়ায় অননুমোদিতভাবে জ্বালানি তেল মজুতের অপচেষ্টা পরিলক্ষিত হচ্ছে। জ্বালানি তেল মজুতের অপচেষ্টা প্রতিরোধ, জ্বালানি তেল বিপণনে শৃঙ্খলা রক্ষা এবং নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে বিজিবি মোতায়েন করা হয়েছে। ডিপোর নিরাপত্তা নিশ্চিতে বিজিবি সদর দপ্তরের তত্ত্বাবধানে মোতায়েন কার্যক্রম একটি সুপরিকল্পিত কাঠামোর আওতায় পরিচালিত হচ্ছে। ইউনিট সদর থেকে দূরবর্তী স্থানে দায়িত্ব পালনের সুবিধার্থে নিরাপদ স্থানে অস্থায়ী বেইজ ক্যাম্প স্থাপন করে বিজিবি সদস্যরা দায়িত্ব পালন করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## দেশের সব পেট্রোল পাম্পে ট্যাগ অফিসার নিয়োগের সিদ্ধান্ত

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি এবং এর ফলে বাংলাদেশের বাজারে তৈরি হওয়া জ্বালানি তেলের আপাত অস্থিরতা মোকাবিলায় দেশের সব পেট্রোল পাম্পের তদারকির জন্য ট্যাগ অফিসার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। শুক্রবার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মোহাম্মদ সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এক অনলাইন সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। শনিবার এক বার্তায় এ তথ্য জানায় মন্ত্রণালয়। সভার সিদ্ধান্তে বলা হয়, দেশের সব পেট্রোল পাম্পের জন্য একজন ট্যাগ অফিসার নিয়োগ করতে হবে। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বিপিসি ট্যাগ অফিসার নিয়োগ করবে। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা ব্যতীত জেলা ও বিভাগীয় শহরে সংশ্লিষ্ট জেলা প্রশাসকরা ও উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসাররা তাদের অধিক্ষেত্রাধীন প্রতিটি পেট্রোল পাম্পের জন্য একজন সরকারি কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ দেবেন। ট্যাগ অফিসাররা জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বা বিপিসি নির্ধারিত পদ্ধতিতে কাজ করবেন ও দৈনিক প্রতিবেদন দেবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## স্বাধীনতার ৫৫ বছর পর অপশক্তি আবার মাথাচাড়া দিয়ে উঠেছে : ফখরুল

অপশক্তির বিরুদ্ধে স্বাধীনতার শক্তিকে এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। স্থানীয় সরকারমন্ত্রী বলেন, "স্বাধীনতার ৫৫ বছর পর আবার সেই অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে। যারা সেই সময়ে আমাদের মা-বোনদের সম্ভ্রমহানি ঘটিয়েছে এবং পাকিস্তান বাহিনীকে সহযোগিতা করে হত্যা চালিয়েছে। আমাদের ভালোভাবে সতর্কতার সঙ্গে সেই অপশক্তিকে পরাজিত করে স্বাধীনতার শক্তিকেই সামনের দিকে এগিয়ে নিতে হবে। সেখানেই আমাদের সাফল্য।" মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে শুক্রবার বিকেলে রাজধানীর রমনার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপির উদ্যোগে আয়োজিত আলোচনাসভায় এ প্রত্যয় ব্যক্ত করেন তিনি। আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর নেতৃত্বের প্রতি আশাবাদ ব্যক্ত করে মির্জা ফখরুল ইসলাম বলেন, আমরা দলের নেতা তারেক রহমানের ওপর অত্যন্ত আশাবাদী। তিনি দেশে ফিরেই মানুষের মধ্যে নতুন করে আলোড়ন ও আশা তৈরি করেছেন। তিনি এসে প্রতিশোধ বা প্রতিহিংসার কথা বলেননি, বরং বলেছেন- 'আই হ্যাভ এ প্ল্যান'। অর্থাৎ দেশ গড়ার একটি পরিকল্পনা নিয়েই তিনি এগোচ্ছেন।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## সরকারি দল নিজেদের মতো করে সংবিধানের ব্যাখ্যা দিচ্ছে : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, সংসদ অধিবেশনে গণভোটের রায় বাস্তবায়ন হওয়ার কথা। কিন্তু সরকারি দল যারা আছে, তারা গণরায় মানছে না। তারা নিজেদের মতো সংবিধানের ব্যাখ্যা দিচ্ছে। তাদের পক্ষে গেলে সংবিধানে পক্ষে আছে, তাদের বিপক্ষে গেলে সংবিধানের পক্ষে নেই। আমরা এ দ্বিচারিতা বিগত আওয়ামী লীগ আমলে দেখেছি। শনিবার বিকেলে নারায়ণগঞ্জ মহানগর জাতীয় নাগরিক পার্টি প্রথম সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এসব কথা বলেন। এদিন শহরের চাষাঢ়া এলাকার ডাকবাংলোয় এ সভার আয়োজন করা হয়। নাহিদ ইসলাম বলেন, আওয়ামী লীগ একইভাবে সংসদকে উপেক্ষা করে সংবিধানকে দলীয়করণ করেছে। সংবিধানকে নিজেদের মতো ব্যাখ্যা করেছে। একই প্রবণতা বর্তমান সরকারি দলের মধ্যে দেখছি। এই প্রবণতা যদি

চলমান থাকে, জনগণ তাদের রায় বাস্তবায়নের জন্য আবারও রাজপথে জানান দেবে। সেজন্য এনসিপিকে প্রস্তুত থাকতে হবে। রাজপথ থেকে সংসদে গিয়ে আমরা রাজপথ ভুলে যাবো না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## তেল চোরাচালান বন্ধে কঠোর ব্যবস্থা নেবে সরকার : স্বরাষ্ট্রমন্ত্রী

তেল চোরাচালান বন্ধে সরকার কঠোর ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, পার্শ্ববর্তী দেশসহ বিশ্বের অনেক দেশে তেলের মূল্যবৃদ্ধি পেলেও, বাংলাদেশে তেলের মূল্যবৃদ্ধি না করা সরকারের সফলতা। এ বিষয়ে পূর্বপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। সালাহউদ্দিন আহমদ বলেন, বোরো মৌসুমে কৃষকদের যেন অসুবিধা না হয়, সেটি মাথায় রেখে ভর্তুকি দিয়ে তেল সরবরাহ করছে সরকার। তেল চোরাচালানের বিষয়টি সরকারের নজরে এসেছে। চোরাচালান বন্ধে কঠোর ব্যবস্থা নেবে সরকার। শনিবার বিকেলে, সংসদ সচিবালয়ে সরকারদলীয় সংসদ সদস্যদের বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বৈঠকে সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী বৈঠকে উপস্থিত সংসদ সদস্যদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য দেন। পরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, রাষ্ট্রপতির ভাষণের ওপর কে কী বক্তব্য রাখবেন, সেই বিষয়ে আলোচনা হয়েছে। দায়িত্ব গ্রহণের এক মাসের মধ্যে বিএনপি কী কী অর্জন করেছে এবং সামনের চ্যালেঞ্জগুলো নিয়ে আলোচনা হয়েছে। বৈঠকের শুরুতে জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদের (বীর বিক্রম) স্ত্রী দিলারা হাফিজের মৃত্যুতে গভীর শোক ও দুঃখপ্রকাশ করে মরহুমার রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতে অংশ নেন সরকারদলীয় সংসদ সদস্যরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## সংসদ অধিবেশনে শব্দযন্ত্রের বিভ্রাট তদন্তে কমিটি গঠন

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম দিনের অধিবেশনে হওয়া সাউন্ড সিস্টেমে বিভ্রাটের ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে সংসদ কমিটি। ওই ঘটনা নাশকতা ছিল কি না, তা তদন্ত করে ৩ এপ্রিলের মধ্যে কমিটিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে। শনিবার সংসদ কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠক শেষে সংসদ কমিটির সভাপতি চিফ হুইপ নূরুল ইসলাম সাংবাদিকদের এ তথ্য জানান। গত ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম দিনের অধিবেশনে শব্দযন্ত্রের বিভ্রাটের কারণে অধিবেশন কিছু সময় বন্ধ রাখতে হয়। পরদিনের বৈঠকেও হেডফোন ও সাউন্ড সিস্টেম নিয়ে ক্ষোভ প্রকাশ করেন জামায়াতের সংসদ সদস্য শাহজাহান চৌধুরী। সংসদ কমিটির প্রথম বৈঠকে বিষয়টি নিয়ে আলাপ হয়েছে জানিয়ে চিফ হুইপ সাংবাদিকদের বলেন, এটার জন্য তদন্ত কমিটি হয়েছে, সার্জেন্ট অ্যাট আর্মসের নেতৃত্বে। এখানে রিয়েলি একটা সাবোটাজ হয়েছে বলে আমরা ধারণা করি। অ্যাকচুয়ালি সাউন্ড সিস্টেমের জন্য যে প্রবলেম, তার জন্য এক্সপার্ট লোকজনকে এখানে আমন্ত্রণ জানিয়েছি বুয়েট থেকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## কুড়িগ্রামে বিএনপি নেতার গোয়াল ঘরে মিললো ড্রামভর্তি পেট্রোল

কুড়িগ্রামের রৌমারীতে এক বিএনপি নেতার গোয়াল ঘর থেকে ড্রাম ভর্তি পেট্রোল উদ্ধার করেছেন ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে উপজেলার দাঁতভাঙ্গা ইউনিয়নে অভিযান চালিয়ে এসব পেট্রোল জব্দ করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার রাফিউর রহমান। জানা যায়, দাঁতভাঙ্গা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আবু জাহানের বাড়ির গোয়াল ঘরে অবৈধভাবে পেট্রোল মজুত রাখা হয়েছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গোয়াল ঘর থেকে ড্রামভর্তি পেট্রোল এবং তেল বিক্রির বিভিন্ন উপকরণ জব্দ করা হয়। এঘটনায় পেট্রোলিয়ামে আইন, ২০১৬ অনুযায়ী অবৈধ মজুতদারি ও অতিরিক্ত দামে বিক্রির অপরাধে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## সরকারি খরচে ১৪ লাখ ১৮ হাজার ৮৪০ জনকে আইনি সহায়তা

জাতীয় আইনগত সহায়তা সংস্থার মাধ্যমে সরকারি খরচায় ২০০৯ সাল থেকে ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১৪ লাখ ১৮ হাজার ৮৪০ জনকে আইনি সহায়তা দেওয়া হয়েছে। এ সময়ে ৪ লাখ ৬০ হাজার ২৯৭ মামলায় অসচ্ছল বিচারপ্রার্থীকে সেবা দেওয়া হয়েছে। শনিবার লিগ্যাল এইডের ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়। সংস্থার আওতায় সুপ্রিম কোর্ট লিগ্যাল এইড অফিসের মাধ্যমে ৩০ হাজার ৩৯৫ জন, দেশের ৬৪ জেলার লিগ্যাল এইড অফিসের মাধ্যমে ১১ লাখ ৫৮ হাজার ৬৩০ জন, ঢাকা ও চট্টগ্রাম শ্রমিক আইনি সহায়তা সেলের মাধ্যমে ৩০ হাজার ৯ জন এবং জাতীয় হেল্পলাইন কল সেন্টারের মাধ্যমে ১ লাখ ৯৯ হাজার ৮০৬ জনকে আইনি সহায়তা দেওয়া হয়েছে। দেশে আর্থিকভাবে অসচ্ছল, অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনি সহায়তা দিতে 'আইনগত সহায়তা প্রদান আইনের' অধীনে সরকারি খরচে এসব সেবা দেওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীনে জাতীয় আইনগত সহায়তা সংস্থার কার্যক্রম পরিচালিত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## ডিপো থেকে জ্বালানি তেল সরবরাহে নতুন সময় নির্ধারণ

দেশের ফিলিং স্টেশন ও পাম্পগুলোতে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখতে ডিপো থেকে তেল খালাসের সময়সূচিতে পরিবর্তন এনেছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বিপিসি। নতুন সময়সূচি অনুযায়ী, এখন থেকে প্রধান স্থাপনা ও ডিপোগুলো থেকে জ্বালানি পণ্য সরবরাহ কার্যক্রম প্রতিদিন সকাল ৭টায় শুরু হয়ে শেষ হবে বিকেল ৩টায়। শনিবার বিপিসির সচিব শাহিনা সুলতানা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে নতুন এই সময়সূচির কথা জানানো হয়। সারা দেশে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ বজায় রাখতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এতে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির ফলে সৃষ্ট সংকট মোকাবিলায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিপিসির নির্দেশনা অনুযায়ী, বিপণন কোম্পানিগুলোর মাধ্যমে সারাদেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি পণ্যের সরবরাহ কার্যক্রম চলমান। এই প্রেক্ষাপটে দেশের সব ফিলিং স্টেশন, পড পয়েন্ট, ডিলার ও পাম্পগুলোতে জ্বালানি পণ্য সরবরাহ নিশ্চিত করতে বিপিসির অধীনস্থ প্রধান স্থাপনা ও ডিপোগুলো থেকে পণ্য সরবরাহের নতুন সময় নির্ধারণ করা হয়েছে। এর আগে, সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জ্বালানি পণ্য সরবরাহ কার্যক্রম চলতো।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## ৩৮ দিন পর রোববার খুলছে শিক্ষাপ্রতিষ্ঠান

রোজা, ঈদুল ফিতর, স্বাধীনতা দিবসসহ কয়েকটি ছুটি মিলিয়ে টানা ৩৮ দিনের ছুটি শেষে রোববার খুলছে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান। দীর্ঘ এ ছুটি শেষ হয়েছে গত বৃহস্পতিবার। এরপর শুক্র ও শনিবারের সাপ্তাহিক ছুটি পড়ায় রোববার থেকে সব শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস শুরু হচ্ছে। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। দুই মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, রোজা ও ঈদের কারণে বছরের প্রথম তিন মাসে শ্রেণি কার্যক্রম কম হয়েছে। এতে শিখন ঘাটতি দেখা দিয়েছে। এ কারণে ছুটির পর শিক্ষাপ্রতিষ্ঠানে পুরোদমে ক্লাস শুরুর নির্দেশনা দেওয়া হয়েছে। রোববার থেকে সব প্রতিষ্ঠানে যথারীতি ক্লাস চলবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## রামেকে ৩৩ নবজাতকের মৃত্যু; পরিচালকের দায়িত্বহীনতা গুরুতর, কঠোর ব্যবস্থা নেওয়া উচিত: মন্ত্রী

রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে নবজাতক নিবিড় পরিচর্যা কেন্দ্র সংকটের কারণে ১১ দিনে ৩৩ শিশুর মৃত্যুর ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি বলেন, এ ঘটনায় হাসপাতাল পরিচালকের দায়িত্বহীনতা গুরুতর এবং কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। শনিবার দ্য সোসাইটি অব সার্জনস অব বাংলাদেশের এক অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। সাখাওয়াত হোসেন বলেন, "রাজশাহীতে ১১ দিনে ৩৩টি শিশু মারা গেছে। অথচ হাসপাতালের পরিচালক আমাদের জানাননি যে, সেখানে নবজাতকের জন্য আইসিইউ নেই। এ ধরনের অবহেলা মেনে নেওয়া যায় না।" 'বিষয়টি নিয়ে জানতে চেয়ে পরিচালকের সঙ্গে যোগাযোগ করলে তিনি প্রথমে গণমাধ্যমের প্রতিবেদনকে অতিরঞ্জিত বলে দাবি করেন। পরে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সঠিক তথ্য জানতে চাওয়া হলে দেওয়া প্রতিবেদনে গণমাধ্যমে প্রকাশিত তথ্য অস্বীকার করতে পারেননি,' যোগ করেন তিনি। গত ২৬ মার্চ গণমাধ্যমে প্রকাশিত এক প্রতিবেদনে উল্লেখ করা হয়, রামেক হাসপাতালে এনআইসিইউ সেবার অভাবে অপেক্ষমাণ অবস্থায় ১১ দিনে ৩৩ নবজাতকের মৃত্যু হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী জানান, স্বল্প সময়ে সরকারি অর্থায়নে ভেন্টিলেটর সংগ্রহ করা কঠিন হওয়ায় তিনি ব্যক্তিগত উদ্যোগে তিনটি ভেন্টিলেটর সংগ্রহ করেছেন। এছাড়া, আজ আরও তিনটি ভেন্টিলেটর কেনা হচ্ছে। স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক আজ রাজশাহী সফরে গিয়ে এসব ভেন্টিলেটর হাসপাতালে হস্তান্তর করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## গ্রিস উপকূলে ২২ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু, ২১ বাংলাদেশি জীবিত উদ্ধার

উত্তর আফ্রিকা থেকে ইউরোপে পৌঁছানোর চেষ্টা করা ২২ জন অভিবাসনপ্রত্যাশী গ্রিসের উপকূলে একটি রাবারের নৌকায় ছয়দিন সমুদ্রে থাকার পর মারা গেছেন। বেঁচে ফেরা ব্যক্তিরা শনিবার গ্রিক কোস্টগার্ডকে এ তথ্য জানিয়েছেন। গ্রিক কোস্টগার্ড শুক্রবার গভীর রাতে জানায়, ফ্রনটেক্সের একটি জাহাজ ক্রিট দ্বীপের কাছে ২৬ জনকে জীবিত উদ্ধার করেছে, যাদের মধ্যে একজন নারী ও একজন নাবালক রয়েছে। পরে কোস্টগার্ড এএফপিকে জানায়, বেঁচে ফেরা ব্যক্তিদের মধ্যে ২১ জন বাংলাদেশি, চারজন দক্ষিণ সুদানের নাগরিক এবং একজন চাঁদের নাগরিক রয়েছেন। কোস্টগার্ড জানায়, আহত দুইজনকে ক্রিটের একটি হাসপাতালে নেওয়া হয়েছে। বেঁচে ফেরা ব্যক্তিদের বক্তব্যের ভিত্তিতে কোস্টগার্ড জানায়, নৌকাটি ২১ মার্চ পূর্ব লিবিয়ার বন্দর শহর তোবরুক থেকে গ্রিসের উদ্দেশ্যে রওয়ানা হয়েছিল, যা ইউরোপীয় ইউনিয়নে আশ্রয়প্রত্যাশীদের জন্য একটি প্রবেশদ্বার হিসেবে বিবেচিত। কোস্টগার্ডের ভাষ্য অনুযায়ী, যাত্রাপথে যাত্রীরা দিক হারিয়ে ফেলেন এবং খাবার ও পানীয় ছাড়া ছয়দিন সমুদ্রে ভেসে থাকেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

## তেল নাই' লেখা পাম্পে মিললো ২৮ হাজার লিটার জ্বালানি তেল

ফরিদপুর শহরতলির কানাইপুরে হোসেন ফিলিং স্টেশনে পেট্রোল-অকটেন নেই লেখা থাকলেও, পাম্পটিতে ২৮ হাজার লিটার জ্বালানি তেল। এ সময় ভ্রাম্যমাণ আদালত ৫০ হাজার টাকা জরিমানা করেন। পাম্পটিতে ৭ হাজার লিটার

পেট্রোল, ৬ হাজার ৫০০ লিটার অকটেন ও ১৪ হাজার ৫০০ লিটার ডিজেল মজুত থাকার পরও ভোক্তাদের তেল সরবরাহ না করে তেল নাই লিখে পাম্প বন্ধ করে রাখা হয়। অভিযোগের সত্যতা পেয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অর্থদণ্ড করা হয়। শনিবার দুপুর থেকে বিকেল পর্যন্ত ফরিদপুর সদর উপজেলার ফরিদপুর-খুলনা মহাসড়কের পাশে কানাইপুর বাজারে, হোসেন ফিলিং স্টেশন নামের পেট্রোল পাম্পে ও রয়েল ফিলিং স্টেশন পেট্রোল পাম্পে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। আদালত সূত্রে জানা গেছে, ফরিদপুরে পেট্রোলিয়াম পণ্য মজুত ও ভোক্তা পর্যায়ে বিক্রি বন্ধ রয়েছে মর্মে অভিযোগের পরিপ্রেক্ষিতে পেট্রোল পাম্প দুটিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এ সময় হোসেন ফিলিং স্টেশনে অভিযান পরিচালনাকালে পেট্রোল পাম্পটি বন্ধ পাওয়া যায় এবং পাম্পে লেখা রয়েছে পেট্রোল নেই। কিন্তু পাম্পটিতে সাত হাজার লিটার পেট্রোল, ৬ হাজার ৫০০ লিটার অকটেন ও ১৪ হাজার ৫০০ লিটার ডিজেল মজুত থাকার পরও ভোক্তাদের তেল সরবরাহ না করার অভিযোগ সরাসরি ঘটনাস্থলে সত্যতা পাওয়া যায়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অর্থদণ্ড দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

**মিয়ানমারে পাচারকালে ১৬০০ লিটার ডিজেল উদ্ধার, আটক ৭**

মিয়ানমারে পাচারকালে ১৬০০ লিটার ডিজেল এবং ৩ হাজার ৩০০ কেজি আলকাতরা উদ্ধার করেছে কোস্ট গার্ড। এসময় একটি অবৈধ আর্টিসানাল ট্রলিং বোটসহ ৭ পাচারকারীকে আটক করা হয়। শনিবার রাতে কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল শুক্রবার দিনগত রাত ৩টায় কোস্ট গার্ড আউটপোস্ট পতেঙ্গা কর্তৃক চট্টগ্রামের পতেঙ্গা থানার কর্ণফুলী চ্যানেলের ১৪ নম্বর ঘাট সংলগ্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এ সময় ওই এলাকায় সন্দেহজনক একটি অবৈধ আর্টিসানাল ট্রলিং বোটে তল্লাশি চালিয়ে অবৈধভাবে শুল্ক-কর ফাঁকি দিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বহন করা প্রায় ৪৮ লাখ টাকা মূল্যের এক হাজার ৬০০ লিটার ডিজেল, ৩ হাজার ৩০০ কেজি আলকাতরা ও ৪টি ডিজেল ইঞ্জিনসহ সাত পাচারকারীকে আটক করা হয়।(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৩.২০২৬ আসাদ)

# BBC

**IRAN WAR SPLITS OLDER AND YOUNGER CONSERVATIVES - AS PRESSURE BUILDS FOR TRUMP TO FIND EXIT RAMP**

A majority of the American public, polls suggest, have been against the ongoing US-Israeli military campaign in Iran from the day it started. Republicans, however, have largely stuck by their president as the war approaches the end of its fourth week. But that may be changing. At the annual Conservative Political Action Conference (CPAC) in Texas, some of the party faithful expressed concern about why the US started this war, how Donald Trump is going to end it and whether the effort has been worth the costs. "I just wish that there was more transparency on why we're doing what we're doing, that way you could send your loved one overseas and be OK with that," said Samantha Cassell. "I hope it comes to an end quick, because it's the cost of living, the oil and gas, the prices are only going to keep going up." Cassell, who lives in Dallas, and her friend Joe Bolick were attending their first CPAC conference. He also had his doubts about the war. (BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**HOW TRUMP AND THE OIL MARKETS MOVE IN SYNC: A TANGO IN FIVE CHARTS**

It can be hard to pin down what is guiding Donald Trump a month into US and Israel's programme of strikes on Iran. But it is clear he has an eye on the oil markets. A word - or social media post - from the US president about his plans used to spark big moves in prices, as investors leaped on signs the conflict could escalate or come to an end. But in recent days, traders appear to be growing more sceptical about the value of his comments. Oil was trading at around $72 a barrel before 28 February, when the strikes on Iran began. Last week it peaked at $118 a barrel on 19 March and as of Friday afternoon was sitting at just below $112 - significantly up from its pre-war price. Here are some moments from the last month where Trump and the markets appear to have bounced off each other - with varying effects. (BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**IN PHOTOS: A PESTICIDE TRAGEDY THAT HAUNTS AN INDIAN STATE**

Haunting photographs of children with deformed limbs and swollen heads make up one of the exhibits at the ongoing Kochi-Muziris Biennale, an exhibition of contemporary art held annually in the southern Indian state of Kerala. The photographs, by photojournalist Madhuraj (who uses only one name), chronicle the health impacts believed to be caused by endosulfan - a cheap but highly toxic pesticide - on hundreds of children in Kerala's Kasargod district in the 1990s and 2000s. For more than 20 years, beginning in the 1970s, the Plantation Corporation of Kerala sprayed endosulfan on cashew plantations in Kasargod two-to-three times a year. Later, the pesticide was also used on crops like tea, paddy and

mango. In the 1990s, residents reported birth defects in animals and children, including physical and neurological conditions like cerebral palsy, epilepsy and hydrocephalus (fluid build-up in the brain). Locals also reported rashes, hormonal issues, asthma and cancer - diseases that some environmental organisations and the Kerala government later attributed to endosulfan poisoning. (BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**'MEMORY OF A GENERATION': CHINA MOURNS THE SUDDEN DEATH OF A CONTROVERSIAL EDUCATION INFLUENCER**

With more than 26 million followers on Douyin, China's domestic version of TikTok, the 41-year-old was among the country's most prominent influencers - even while building his reputation in a niche field. By offering students and parents advice on university applications and choice of majors, he sought to help them achieve what many view as an all-important goal: better job prospects. Issues of employability are complex in China, and Zhang was known for his extremely pragmatic approach. It also made him a highly controversial figure. Zhang once declared that "any major is better than journalism" and described liberal arts majors as a "service industry that caters to others". Local media have often linked his rise to a pervasive anxiety in Chinese society, driven by a slowing economy and a sluggish youth employment rate. Yet Zhang remains a polarising figure.
(BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**NEPAL'S EX-PM ARRESTED OVER FATAL PROTEST CRACKDOWN**

Nepal's former prime minister KP Sharma Oli has been taken to hospital following his arrest over his alleged involvement in a deadly crackdown on protests last year. Oli was admitted to a clinic in Kathmandu as a part of routine police procedure soon after his arrest at his home early on Saturday morning, officials say. More than 70 people were killed, many of them protesters shot by police, during an uprising in September - which was sparked by a social media ban but fuelled by anger over corruption and economic conditions. Ex-home minister Ramesh Lekhak was also arrested on Saturday, after a panel appointed to investigate the unrest recommended the pair be prosecuted for criminal negligence. Oli was admitted to hospital pending results from medical tests and given his age and medical history of two kidney transplants, the hospital's information office told BBC Nepali. The arrests come a day after the nation's new prime minister, 35-year-old rapper-turned-politician Balen Shah, was sworn in following an election triggered by the crisis.
(BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**I ESCAPED NORTH KOREA WITH MY MUM. NOW I'M TERRIFIED SHE MIGHT BE SENT BACK**

When Geumseong's phone rang on Christmas Eve 2020, he answered nervously. The previous year he'd made the perilous journey to escape from North to South Korea, using an international underground network of safe houses and brokers. Eventually his mother's voice came from the speaker: "Geumseong, Geumseong, can you see me?" Eunhee could hardly get her words out through sobs as her teenage son clasped his hand to his mouth. "Mum, I'm doing well and I'm not sick," Geumseong quickly reassured her. The relief at seeing his mother's face was overwhelming. "So much time has passed," she replied. "I can hardly recognise you."(BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**GAZA PEACE DOUBTS DEEPEN AS ATTENTION SHIFTS TO IRAN**

Nearly six months after a fragile ceasefire came into force in Gaza, Palestinians in this war-torn territory are still struggling. In the markets, there are again shortages of some goods and rising prices – with merchants saying supplies brought in from Israel have been disrupted by the new war in the region. "What does the war between Iran and Israel have to do with us? Prices have doubled here. Goods aren't coming in like before," says a shopper, Hassan Faqawi, despairingly. "In this situation, the whole world is focused on Iran, America and Israel, and Gaza is forgotten." While world attention has turned to the Iran war, there is increasing uncertainty about what happens in Gaza at a crucial stage in President Trump's 20-point peace plan, which halted the fighting in October last year.
(BBC Web page : 28.03.2026 Ali Ahmed)

**:: THE END ::**